

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪১.১৭-৫৯৫

তারিখঃ ০৫/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে “বিদ্যুৎ ও জ্বালানি দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন-২০১০” এর আওতায় বাপেক্স কর্তৃক গৃহীত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন প্রকার বৈদেশিক তৃতীয় পক্ষীয় সেবা সংগ্রহ/ক্রয়ের জন্য সিপিটিইউ কর্তৃক প্রণীত Tender Document অনুসরণে প্রস্তুতকৃত দরপত্র দলিলের উপর মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ এর পত্র নং-১২৩.১০.১০/৪০৫৩; তারিখঃ ২৩/১১/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৪ অনুযায়ী কোন সরকারি ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দাখিলের অনুরোধ সম্বলিত দলিল সিপিটিইউ কর্তৃক জারীকৃত আদর্শ দলিল অনুযায়ী হতে হয়। বিবেচ্যক্ষেত্রে আইন, বিধি ও আদর্শ দরপত্র দলিলে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ক্রয়কারী তার ক্রয়ের লক্ষ্য ঠিক রেখে প্রয়োজনীয় তথ্য সংযোজনপূর্বক দরপত্র দলিল প্রস্তুত করবে। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত এইরূপ দলিলের সঠিকতা যাচাইপূর্বক মতামত/ভেটিং প্রদান সিপিটিইউ'র কর্মপরিধিভুক্ত নয়।

০২। এছাড়া, বিবেচ্য পত্রে উল্লেখ করা হয়েছে যে, প্রস্তাবিত ক্রয় কাজসমূহ “বিদ্যুৎ ও জ্বালানি দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন-২০১০” এর আওতায় গৃহীত। তবে পিপিআর, ২০০৮ এর বিধি-১৩০ এর আলোকে সুনির্দিষ্ট কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে সেই বিষয়টি সিপিটিইউতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।


(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৮০৬৬৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার
সি/এ, ঢাকা-১২১৫।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।